গত ০৫-১২-২০১৭খ্রিঃ রোজ- মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা বিভাগের নভেম্বর/২০১৭ খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা অপহরণ ও গণধর্ষণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।**

তারিখ ঃ ০৫-১২-২০১৭ খ্রিঃ ।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে) ঃ

১.	জনাব মোঃ মিজানুর রহমান বিপিএম (সেবা), অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
২.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম (বার), যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম)
৩.	জনাব মোঃ মোজাম্মেল হক বিপিএম, পিপিএম ,উপ-পুলিশ কমিশনার (ক্রাইম)
৪.	জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন)
৫.	জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান, উপ-পুলিশ কমিশনার (ডিবি-পশ্চিম)
৬.	জনাব মোঃ শহিদুল্লাহ পিপিএম, অতিঃ উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ) অতিরিক্ত দায়িত্বে উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ), ডিএমপি, ঢাকা ।
৭.	জনাব মোঃ হুমায়ুন কবীর,অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম)
৮.	জনাব হাফিজ আল ফারুক, সিনিয়র এসি (মোহাম্মদপুর জোন)
৯.	জনাব এ বি এম জিয়াউল করিম, সিনিয়র এসি (ক্যান্টনমেন্ট জোন)
১০.	জনাব মোঃ গোলাম সাকলায়েন, সিনিয়র এসি (ক্যান্টনমেন্ট জোনাল টিম, ডিবি- উত্তর)
১১.	জনাব ফজলুর রহমান, এসি (শ্যামপুর জোন)
১২.	জনাব মোঃ আরিফুল ইসলাম, এসি (মতিঝিল জোন)
১৩.	জনাব ইশতিয়াক হাসান আমীন, এসি (ক্রাইম-১)
১৪.	জনাব মোঃ আশরাফুল করিম, এসি (বাড্ডা জোন)
১৫.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসি (মিরপুর জোন)
১৬.	জনাব নাদিয়া জুঁই, এসি (খিলগাঁও জোন)
১৭.	জনাব মিজানুর রহমান, এসি (দক্ষিণখান জোন)
১৮.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, এসি (ক্রাইম-২)
১৯.	জনাব সাজ্জাদ ইবনে রায়হান, এসি (নিউমার্কেট জোন)
২০.	জনাব ইফতেখায়রুল ইসলাম, এসি (ডেমরা জোন)
২১.	জনাব রফিকুল ইসলাম, এসি (গুলশান জোন)
২২.	জনাব নজরুল ইসলাম পিপিএম, এসি (অর্গানাইজড ক্রাইম, ডিবি)

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়।

নভেম্বর/২০১৭ খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মামলা সমুহের তদন্তের অগ্রগতি আলোচনা ও নির্দেশনা ঃ

১। রমনা থানার মামলা নং-০১, তাং- ০২/১১/১৭খ্রিঃ, ধারা- ৩০২/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জানা যায় যে, অত্র মামলার ঘটনায় এজাহারনামীয় ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃকাঃবিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ঘটনা সংক্রান্তে ০৫ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃকাঃবিঃ ১৬১ ধারা মোতবেক লিপিবদ্ধ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। রমনা থানার মামলা নং-১৭, তাং- ০৯/১১/১৭খ্রিঃ, ধারা- ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করা হয়েছে কিন্তু ঘটনায় জড়িত কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ **(১) অবিলম্বে মূল আসামীদের গ্রেফতারসহ সাক্ষ্য প্রমাণ সংগ্রহ করার নির্দেশ প্রদান করা হয়।**

(২) ঘটনায় ব্যবহৃত অস্ত্র উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।

(৩) মামলাটির তদন্তভার ডিবি-দক্ষিণ বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। কলাবাগান থানার মামলা নং-১৪, তাং-২৭/১১/১৭খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনাটি স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত ঘাতক স্বামীকে গ্রেফতার ও সাক্ষ্য-প্রমান সংগ্রহের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। পল্টন থানার মামলা নং-৩২, তাং- ২০/১১/১৭খ্রিঃ, ধারা- ৩০২/২০১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি মাদ্রাসার ছাত্র কর্তৃক অপর এক ছাত্রকে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং সে বিজ্ঞ আদালতে ফৌঃকাঃবিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। যাত্রাবাড়ী থানার মামলা নং-৭৫, তাং-২২/১১/১৭খ্রিঃ, ধারা-৩০২/৩৪/১১৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, ব্যাডমিন্টন খেলা নিয়ে পূর্ব বিরোধের জের ধরে অত্র হত্যাকান্ডটি সংঘটিত হয়। ঘটনায় জড়িত ০৫জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০৩ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃকাঃবিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ঘটনা সংক্রান্তে ০৩ জন প্রত্যক্ষদর্শী সাক্ষীর জবানবন্দি ফৌঃকাঃবিঃ ১৬১ ধারা মোতবেক লিপিবদ্ধ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত মূল আসামী ঘাতক বাপ্পিকে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) ময়না তদন্ত রিপোর্ট সংগ্রহ করে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

৬। কদমতলী থানার মামলা নং-১৮, তাং- ০৭/১১/১৭খ্রিঃ, ধারা- ৩০৭/৩২৫/৩৪ পিসি পরবর্তীতে সংযোজিত ৩০২।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় ঘাতক ইকবাল নিজ অপরাধের অনুশোচনায় আত্মহত্যা করেছে।

সিদ্ধান্ত ঃ(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। কদমতলী থানার মামলা নং-৩১, তাং- ১২/১১/১৭খ্রিঃ, ধারা- ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনাটি ডাকাত বেলালকে গুলি করে হত্যার ঘটনা।

সিদ্ধান্ত ঃ(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। ডেমরা থানার মামলা নং- ০৬, তাং- ০৩/১১/১৭খ্রিঃ, ধারা- ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে সে বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। প্রত্যক্ষদর্শী ০২ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃকাঃ ১৬১ ধারা মোতাবেক লিপিবদ্ধ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ময়নাতদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। মোহাম্মদপুর থানার মামলা নং-৩৬, তাং-০৭/১১/১৭খ্রিঃ, ধারা-১৪৩/৩২৫/৩০৭/৩০২/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, রড মিস্ত্রি ও রাজ মিস্ত্রিদের মধ্যে বির্তকের জের ধরে মারামারির এক পর্যায়ে অত্র হত্যাকান্ডটি সংঘটিত হয়। ঘটনায় জড়িত ০১ জন আসামীকে কুড়িগ্রাম জেলা হতে গ্রেফতার করা হয়েছে। উক্ত আসামী বিজ্ঞ আদালতে ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত রড জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী অফিসারকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। মোহাম্মদপুর থানার মামলা নং-৫১, তাং-১০/১১/১৭খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত এজাহারনামীয় ০৪ জন ও সন্দিগ্ধ ০১জন সহ মোট ০৫জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং তন্মধ্যে ০২জন আসামী বিজ্ঞ আদালতে ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী অফিসারকে পুরস্কৃত করার জন্য সংশ্লিষ্ট ডিসিকে নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। কাফরুল থানার মামলা নং-৩৭, তাং-২৪/১১/১৭খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, পরকীয়া প্রেমের জের ধরে অত্র হত্যাকান্ড সংঘটিত হয়। ভিকটিমের লাশ সনাক্ত করা হয়েছে। মামলার ঘটনায় জড়িত ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং সে বিজ্ঞ আদালতে ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ০৩ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃকাঃ ১৬১ ধারা মোতাবেক লিপিবদ্ধ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় আইও কে পুরস্কৃত করার জন্য সংশ্লিষ্ট ডিসিকে নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। শাহআলী থানার মামলা নং-০৮, তাং-১২/১১/১৭খ্রিঃ, ধারা- ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। প্রত্যক্ষদর্শী ০৪ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃকাঃ ১৬১ ধারা মোতাবেক লিপিবদ্ধ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। বনানী থানার মামলা নং-২৩, তাং-১৫/১১/১৭খ্রিঃ, ধারা-৪৪৮/৩২৬/৩০৭/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি রিক্রুটিং এজেন্সির মালিককে গুলি করে হত্যার ঘটনা। মামলাটি ডিবি-উত্তর বিভাগে তদন্তাধীন আছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলার মূল রহস্য উদঘাটনসহ জড়িত আসামীদের দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। বাড্ডা থানার মামলা নং-০৪, তাং- ০২/১১/১৭খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০৩ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত ধারালো অস্ত্র উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী অফিসারকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। বাড্ডা থানার মামলা নং-০৭, তাং- ০৬/১১/১৭খ্রিঃ, ধারা-৩০২/১০৯/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, পূর্ব বিরোধের জের ধরে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র হত্যার ঘটনা। হত্যাকান্ডে জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদারককারী অফিসারকে কে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। উত্তরা পশ্চিম থানার মামলা নং-৩৩, তাং- ১৬/১১/১৭খ্রিঃ, ধারা- ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, উক্ত ঘটনায় একটি অপমৃত্যু মামলা রুজু হয়েছে। পরবর্তীতে বিজ্ঞ আদালতের নির্দেশে অত্র হত্যা মামলাটি রুজু হয়। অত্র মামলায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। দক্ষিণখান থানার মামলা নং-৩৯, তাং- ২৭/১১/১৭খ্রিঃ, ধারা- ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। আসামী একজন মানসিক ভারসাম্যহীন রোগী। হত্যাকান্ডে ব্যবহৃত দা-ছুরি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। রমনা মডেল থানার মামলা নং- ৫০, তাং-২১/১১/১৭খ্রিঃ, ধারা-১৭০/৩৯২/৪১১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলায় ০১জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ছিনতাইকৃত ৫১,৪৫০/-টাকা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনায় জড়িত মূল আসামীকে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) ছিনতাইকৃত বাকী টাকা উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) ডিবি দক্ষিণ বিভাগকে মামলাটি ছায়া তদন্ত করার নির্দেশ প্রদান করা হয়।
(৪) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। রমনা মডেল থানার মামলা নং-৬৮, তাং-২৯/১১/১৭খ্রিঃ, ধারা-৩৯২/৪১১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। লুণ্ঠিত মোবাইল উদ্ধার করা হয়েছে কিন্তু লুণ্ঠিত টাকা উদ্ধার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ **(১) পলাতক আসামীদের দ্রুত গ্রেফতার ও লুণ্ঠিত টাকা উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। শাহবাগ থানার মামলা নং-০১, তাং-০১/১১/১৭খ্রিঃ, ধারা-৩৬৫/৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করা হয়েছে কিন্তু গ্রেফতার করা সম্ভব হয়নি। এছাড়া উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ **(১) মামলার মূল রহস্য উদঘাটনসহ জড়িত আসামীদের দ্রুত গ্রেফতার ও লুণ্ঠিত টাকা উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৩) মামলাটির তদন্তভার ডিবি দক্ষিণ বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। পল্টন মডেল থানার মামলা নং-০৫, তাং-০৫/১১/১৭খ্রিঃ, ধারা-১৭০/৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করা হয়েছে কিন্তু গ্রেফতার করা সম্ভব হয়নি। এছাড়া উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ **(১) মামলার মূল রহস্য উদঘাটনসহ জড়িত আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৩) মামলাটির তদন্তভার সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন বিভাগে হস্তান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। পল্টন মডেল থানার মামলা নং-২১, তাং-১৫/১১/১৭খ্রিঃ, ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতার ও লুণ্ঠিত টাকা উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। খিলগাঁও থানার মামলা নং-২০, তাং-০৫/১১/১৭খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) আসামীকে জিজ্ঞাসাবাদ করে লুণ্ঠিত টাকা উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২)মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। খিলগাঁও থানার মামলা নং-৮০, তাং-২৯/১১/১৭খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় কোনো আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনায় জড়িত আসামীদের দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) ছিনতাইকৃত টাকা ও স্বর্ণালংকার অবিলম্বে উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) ভবিষ্যতে যাতে এরূপ ঘটনা না ঘটে সে ব্যাপারে পদক্ষেপ নেওয়ার নির্দেশ প্রদান করা হয়।
(৪) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। যাত্রাবাড়ী থানার মামলা নং-১১৯, তাং-২৯/১১/১৭খ্রিঃ, ধারা-৩৯২পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় কোনো আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) ছিনতাইকৃত টাকা অবিলম্বে উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) ডিবি-পূর্ব বিভাগকে মামলাটি ছায়া তদন্ত করার নির্দেশ প্রদান করা হয়।
(৪) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। মিরপুর মডেল থানার মামলা নং-৪২, তাং- ১৮/১১/১৭খ্রিঃ, ধারা- ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় কোনো আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতার ও ঘটনায় ব্যবহৃত অস্ত্র উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) ছিনতাইকৃত টাকা অবিলম্বে উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) এসি মিরপুরকে মামলাটি ব্যক্তিগতভাবে তদারকি করার নির্দেশ প্রদান করা হয়।
(৪) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৫) ডিবি-পশ্চিম বিভাগকে মামলাটি ছায়া তদন্ত করার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৭। গুলশান থানার মামলা নং-০৪, তাং- ০৬/১১/১৭খ্রিঃ, ধারা- ৩৯২/৩২৪/৫০৬/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনাটি মিথ্যা বলে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। গুলশান থানার মামলা নং-১৬, তাং-২১/১১/১৭খ্রিঃ, ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। ভাটারা থানার মামলা নং-১৯, তাং-১৬/১১/১৭খ্রিঃ, ধারা- ৩২৮/৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই। সিসিটিভি ফুটেজ নিয়ে আসামীদের সনাক্ত করার চেষ্টা করা হচ্ছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতার ও ঘটনায় ব্যবহৃত প্রাইভেটকার উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) ছিনতাইকৃত টাকা অবিলম্বে উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। উত্তরা পশ্চিম থানার মামলা নং-৫৫, তাং-২৬/১১/১৭খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি সম্পূর্ণ সাজানো মিথ্যা মামলা। ভিকটিম নিজেই ছিনতাইয়ের নাটক সাজিয়ে টাকা আত্মসাৎ করার চেষ্টা করেছে। বর্তমানে সে গ্রেফতার আছে এবং বিজ্ঞ আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। খিলগাঁও থানার মামলা নং-৩৬, তাং-১২/১১/১৭খ্রিঃ, ধারা-৩৪১/৩৪২/৩৬৫/৩২৩/৩৮৫/৩৮৬/৩৭৯/৫০৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি (তদন্তকারী কর্মকর্তা) জানান যে, অত্র মামলার ঘটনায় কোন আসামীকে গ্রেফতার করা হয়নি। বিকাশের টাকা লেনদেনের সূত্র ধরে আসামীদের সনাক্তের চেষ্টা করা হচ্ছে।

সিদ্ধান্ত ঃ (১) আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩২। রামপুরা থানার মামলা নং-১৬, তাং-৮/১১/১৭খ্রিঃ, ধারা-নাঃশিঃনিঃ দমন আইনের ৭/৯(৩)/৩০।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় নরসিংদী ও সিদ্ধিরগঞ্জ হতে মোট ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়। ঘটনায় ব্যবহৃত প্রাইভেটকারটি জব্দ করা হয়েছে। ভিকটিমের ডাক্তারী পরীক্ষা করানো হয়েছে। ডিএনএ টেষ্টের জন্য ব্যবহৃত কাপড় সিআইডিতে পাঠানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৩। খিলক্ষেত থানার মামলা নং-১৩, তাং- ১৪/১১/১৭খ্রিঃ, ধারা- নাঃ শিঃ নিঃ দমন আইনের ৯(৩) ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় মোট ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়। ভিকটিমের ডাক্তারী পরীক্ষা করানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) পলাতক অপর আসামীকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৪। তুরাগ থানার মামলা নং-০৯, তাং-১০/১১/১৭খ্রিঃ, ধারা- নারী ও শিশু নির্যাতন দমন আইন এর ৯(৩) এবং তৎসহ ৩২৩ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় এজাহারনামীয় ০২জন আসামীকে গ্রেফতার করা হয়। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। থানা এলাকায় ডাকাতি ও দস্যুতা প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট ডিসি/এডিসি/এসি ও অফিসার ইনচার্জগণকে নির্দেশ প্রদান করেন। এসব মামলায় জড়িত আসামীদের তথ্য সম্বলিত একটি ডাটাবেজ তৈরী করার জন্য ডিবির সকল উপ-পুলিশ কমিশনারগণকে নির্দেশ প্রদান করেন। আবাসিক এলাকাগুলোর নিরাপত্তার স্বার্থে গুলশানের ন্যায় সিসি ক্যামেরার আওতায় আনার জন্য পদক্ষেপ নেওয়ার আহ্বান করা হয়। যে সকল মামলাগুলোর রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলোর রহস্য অতি শীঘ্রই উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। বিশেষ করে দস্যুতা মামলাগুলোর রহস্য উদঘাটনে আরো তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করা হয় এবং চাঞ্চল্যকর কোন ঘটনা ঘটার সাথে সাথে সংশ্লিষ্ট ডিবি টিমগণকে ও উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা বিভাগে গত নভেম্বর/১৭খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মোট ৩৪টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ১৩টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং-ডিএমপি (সঃদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৭/অংশ-৪/ তারিখ- -১২-২০১৭ খ্রিঃ।

<u>অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা/ডিবি-উত্তর /পশ্চিম / পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন/অপরাধ তথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। এসি (রমনা/নিউমার্কেট/ডেমরা/শ্যামপুর/খিলগাঁও/মতিঝিল/মোহাম্মদপুর/মিরপুর/গুলশান/ক্যান্টনমেন্ট/উত্তরা/ দক্ষিণখান) জোন, ডিএমপি, ঢাকা।
} অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম/ডিবি), ডিএমপি, ঢাকা।
} অবগতির জন্য।
৬। অফিস নথি।

কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম (বার)
বিপি-৬৮৯৫০৭৫৯৬৮
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫০৩৪১, ফ্যাক্স-৯৩৬১৪৯
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd